অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/27/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কান্ট্রি মিউজিকের কিংবদন্তি ও দানশীল ডলি পার্টনের প্রতি শ্রদ্ধা জানিয়ে নিউ ইয়র্ক স্টেটের গুরুত্বপূর্ণ স্থাপনাগুলি আলোকিত করার নির্দেশ দিলেন

আজকে, 27 আগস্ট রাতে পুরো স্টেটের সতেরটি গুরুত্বপূর্ণ স্থাপনাকে গোলাপি আলোয় আলোকিত করা হবে

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন বৃহস্পতিবার ও শুক্রবার স্টেটের হাইওয়েগুলিতে ডলির থিমের নিরাপত্তা বিষয়ক বার্তা প্রদর্শন করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে 25 আগস্ট, মঙ্গলবার, 80 বছর বয়সে মারা যাওয়া কান্ট্রি মিউজিকের কিংবদন্তি এবং আজীবন দানশীল থাকা Dolly Parton-এর (ডলি পার্টন) জীবন ও লিগেসির প্রতি শ্রদ্ধা জানাতে নিউ ইয়র্ক স্টেটের (New York State) 17টি গুরুত্বপূর্ণ স্থাপনাকে আজকে, 27 আগস্ট, বৃহস্পতিবার সন্ধ্যায় গোলাপি আলোয় আলোকিত করা হবে। এছাড়াও নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT) আজকে থেকে 28 আগস্ট, শুক্রবার পর্যন্ত স্টেটের হাইওয়েগুলির পরিবর্তনশীল বার্তা প্রদর্শনকারী সাইনবোর্ডে Dolly-এর (ডলি) থিমের নিরাপত্তাবিষয়ক বার্তা প্রদর্শন করবে। এসব বার্তার মধ্যে রয়েছে: "JOLENE, JOLENE, JOLENE DON'T SPEED" এবং "I WILL ALWAYS LOVE SAFE DRIVING"।

"Dolly Parton (ডলি পার্টন) সবসময় নিউ ইয়র্কের প্রতি যে ভালোবাসা দেখিয়েছেন সেটি তার প্রতিও দেখাতে পেরে নিউ ইয়র্ক সম্মানিত," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আত্মাকে উষ্ণ করেছে এবং বিশ্বজুড়ে কোটি কোটি মানুষের জন্য আশার আলো হয়ে থেকেছে এমন এক কণ্ঠস্বরের অধিকারী Dolly-কে (ডলি) তার অসীম উদারতা ও মানবতাবাদের জন্য চিরকাল স্মরণ করা হবে। তিনি সারা জীবন অভাবী কমিউনিটির পাশে থেকেছেন এবং তার কিংবদন্তি ক্যারিয়ার বিশ্বকে আরো আশা দিয়েছে, আমরা Dolly-কে (ডলি) মিস করব এবং নিউ ইয়র্ক তার সম্মানে গোলাপি আলোয় আলোকিত হওয়ার মাধ্যমে তার ভালোবাসা ও আলোকে স্মরণ করবে।"

নিউ ইয়র্কে নিচের 17টি গুরুত্বপূর্ণ স্থাপনাকে গোলাপি আলোয় আলোকিত হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ
- কোসিউস্কো ব্রিজ (Kosciuszko Bridge)
- দ্য এইচ. কার্ল ম্যাককল SUNY ভবন (The H. Carl McCall SUNY Building)

- স্টেট এডুকেশন বিল্ডিং (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস – মেন গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds – Main Gate & Expo Center)
- নায়াগ্রা ফলস (Niagara Falls)
- দ্য "ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট" মিড-হাডসন ব্রিজ (The "Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কোয়ার ভায়াডাক্ট (Grand Central Terminal - Pershing Square Viaduct)
- অ্যালবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক সেন্টার (Lake Placid Olympic Center)
- MTA LIRR - পেন স্টেশনের ইস্ট ইন্ড গেটওয়ে (MTA LIRR - East End Gateway at Penn Station)
- ইরি ক্যানেলের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge over the Erie Canal)
- ময়নিহ্যান ট্রেন হল (Moynihan Train Hall)
- রুজভেল্ট আইল্যান্ড লাইটহাউস (Roosevelt Island Lighthouse)

কান্ট্রি মিউজিকের গায়িকা-গীতিকার ও অভিনেত্রী হিসেবে ছয় দশকের ক্যারিয়ারে Dolly Parton (ডলি পার্টন) শিশু ও বিভিন্ন কমিউনিটিকে সমর্থন করেছেন, দানশীলতার এক অনন্য লিগেসি গড়ে তুলেছেন। তার দান করা অর্থ স্বাস্থ্য সেবা গবেষণার অর্থায়নে সাহায্য করেছে, পুরো দেশে দুর্যোগে ত্রাণ প্রদান করেছে, এবং তার Imagination Library-কে সারা বিশ্বে 330 মিলিয়নের বেশি বিনামূল্যের বই উপহার দিয়েছে, এটি একটি বৈশ্বিক বই উপহার দেওয়ার প্রোগ্রাম যারা যা অংশগ্রহণকারী এলাকায় শিশুদের স্কুলে যাওয়া শুরু করার আগ পর্যন্ত তাদের বিনামূল্যে বই দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।